

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারী পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০২৯.৯৫- ১৩৪

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩১
১১ ডিসেম্বর ২০২৪

বিষয় : কুমিল্লা পৌরসভার সাবেক ০১ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ মোস্তফা-কে কুমিল্লা সিটি কর্পোরেশনের ৩ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার এবং কুমিল্লা পৌরসভার সাবেক ২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব সৈয়দ জসিম উদ্দিন-কে কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, (ক) কুমিল্লা পৌরসভার সাবেক ১ নং ওয়ার্ড কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৩ নং ওয়ার্ডে রূপান্তরিত হওয়ায় এবং নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ মোস্তফা এর বাসিন্দাগত ঠিকানা: গ্রাম-শাসনগাছা, ডাকঘর-কুমিল্লা, কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৩ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত হওয়ায় তাঁকে কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৩ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো। (খ) কুমিল্লা পৌরসভার সাবেক ২নং ওয়ার্ড কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৫ নং ওয়ার্ডে রূপান্তরিত হওয়ায় এবং নিকাহ রেজিস্ট্রার সৈয়দ জসীম উদ্দিন আহমেদ এর বাসিন্দাগত ঠিকানা: গ্রাম-শাহ সুজা মসজিদ রোড ২৮৪, ডাকঘর-মোগলটুলী, কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৫ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত হওয়ায় তাঁকে কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

স্বা.


(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৪০.৭৫-

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩১
১১ ডিসেম্বর ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৪। ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জেলা রেজিস্ট্রার, কুমিল্লা।
- ০৭। জনাব মোহাম্মদ মোস্তফা, নিকাহ রেজিস্ট্রার, ৩ নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন।
- ০৮। সৈয়দ জসীম উদ্দিন আহমেদ, নিকাহ রেজিস্ট্রার, ৫ নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।


(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮